

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৩, ২০২০

৮ম খণ্ড

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
যুগ্মসচিব (মতামত) এর কার্যালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

১৯৬৪ সালের নোটারী বিধিমালায় বিধি ৫(২) এর শর্ত মোতাবেক বিজ্ঞপ্তি জারি করা যাচ্ছে যে, ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য বিজ্ঞ এ্যাডভোকেট জনাব নাছরিন জাহেরী, পিতা- মোঃ দেলোয়ার হোসেন, স্বামী- মাজহারুল ইসলাম আখন্দ, স্থায়ী ঠিকানা- হাউজ নং-ডি-৬, রোড নং-১৫, ব্লক ডি, থানা-বনানী, জেলা-ঢাকা-১২১৩ কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগলাভের জন্য আবেদন করেছেন, যা সরকারের বিবেচনাধীন রয়েছে।

এমতাবস্থায়, আবেদনকারীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগদানের ক্ষেত্রে যদি কোন ব্যক্তির কোন আপত্তি থাকে, তবে তা এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৪(চৌদ্দ) দিন মেয়াদের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উম্মে কুলসুম
যুগ্মসচিব (মতামত)
ও
উপযুক্ত কর্তৃপক্ষ।
(০৩—১)

বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক
সিস্টেমস অব মেডিসিন
৭৫/বি, ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫

বিজ্ঞপ্তি

তারিখ : ৩০ জানুয়ারি ২০২০ খ্রিঃ

নং বিইউএ/কঃস্বী/৩৮(অংশ)/৯৪/৩০৭/১—অত্র বোর্ডের প্রস্তাব ও সুপারিশক্রমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ০৭-০১-২০২০ খ্রিঃ তারিখে বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের ২৮ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ তারিখের স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৯/৭৫ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩ এর সেকশন ১৬(৪) এর অধীন বেসরকারি হযরত খাজার বশীর ইউনানী-আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, বকশীগঞ্জ, জামালপুরকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে আয়ুর্বেদিক ডিপ্লোমা কোর্স চালুসহ নিম্ন বর্ণিত শর্তে অন্তর্বর্তীকালীন স্বীকৃতি প্রদান করা হ'ল।

শর্তাবলি:

- স্বীকৃতি প্রাপ্তির ০২(দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠানের কার্যক্রম নিজস্ব ভবনে স্থানান্তর করতে হবে।
- প্রতিষ্ঠানের বহির্বিভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।
- সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরি দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।
- এতদসংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলি যথাযথভাবে মেনে চলতে হবে।

মোহাম্মদ মিজানুর রহমান
রেজিস্ট্রার (অ.দা.)।
(০৪—১)

বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক
সিস্টেমস অব মেডিসিন
৭৫/বি, ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫

বিজ্ঞপ্তি

তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

নং বিইউএ/হা.বি.বা/৩৩০/২০১২/৩১২—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৬-১০-২০১৩ খ্রিঃ তারিখের স্বাসকম/চিশি-২/কোর্স হামদর্দ বিশ্ব/০৩/২০১৩/৬০৫ সংখ্যক মাধ্যমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর সেকশন ৩৫(১) মোতাবেক হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ এর প্রস্তাবিত প্রোগ্রাম ব্যাচেলর অব ইউনানী মেডিসিন অ্যান্ড সার্জারী (বিইউএমএস) এবং ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন অ্যান্ড সার্জারী (বিএএমএস)-এর শিক্ষা কার্যক্রম চালু করার বিষয়ে সরকারি সম্মতি জ্ঞাপন করা হয়েছে। এ প্রেক্ষিতে ০৭-১০-২০১৩ খ্রিঃ তারিখের বিইউএ/হা.বি.বা/৩৩০/ ২০১২/১০০১ সংখ্যক স্মারক মাধ্যমে দি বাংলাদেশ ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স-১৯৮৩ এর সেকশন ১৬(৪) মোতাবেক হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ এর ইউনানী ও আয়ুর্বেদিক মেডিসিন অনুষদ-কে নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে অন্তর্বর্তীকালীন স্বীকৃতি প্রদান করা হয়েছে।

শর্তাবলি:

- (ক) ইউনানী ও আয়ুর্বেদিক মেডিসিন অনুষদ এর কার্যক্রম স্বতন্ত্র ভবনে পরিচালিত হবে।
- (খ) ইউনানী ও আয়ুর্বেদিক মেডিসিন অনুষদ সংলগ্ন অন্তত ৩০ শয্যা বিশিষ্ট ইনডোর হাসপাতাল ও বহির্বিভাগীয় দাতব্য চিকিৎসাসেবা কার্যক্রম চালু রাখতে হবে।
- (গ) শিক্ষার্থীদের ব্যবহার উপযোগী ভেষজ উদ্ভিদ বাগান থাকতে হবে।
- (ঘ) উপযুক্ত মানের ল্যাবরেটরী ও পাঠাগার বিদ্যমান থাকতে হবে।
- (ঙ) সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরি দাবী করা যাবে না।

মোহাম্মদ মিজানুর রহমান
রেজিস্ট্রার (অ.দা.)।
(০৫—১)